



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।

Better me – Better BKB
পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন
ফোন : ০২-৯৫৬৩১৬৫
Email: demrecovery@krishibank.org.bd
তারিখ: ২৬-০৯-২০১৬ খ্রিঃ

নং প্রক/আদায়-৮(৫৯)/২০১৬-২০১৭/ ২১২ (১২০০)

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য প্রণীত বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায়ের
বিশেষ কর্মসূচি গ্রহণ ও ঋণ আদায় মহাক্যাম্প/ক্যাম্প আয়োজন প্রসংগে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকের ২০১৫-২০১৬ অর্থ বছরে ঋণ আদায়ের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায়, বিশেষ করে ৩১-১২-২০১৫ সূত্র তারিখ ভিত্তিক শ্রেণীযোগ্য ঋণ-১ ও ৩০-০৬-২০১৬ সূত্র তারিখ ভিত্তিক শ্রেণীযোগ্য ঋণ-২ সুদসহ সম্পূর্ণ আদায় না হওয়ায় ৩০-০৬-২০১৬ সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণ স্থিতির পরিমাণ ও হার ৩০-০৬-২০১৫ সূত্র তারিখের তুলনায় যথাক্রমে ৫৩১.২৩ কোটি টাকা ও ৩% বৃদ্ধি পেয়েছে। অপরদিকে, নন-পারফরমিং লোন (শ্রেণীকৃত ঋণ) কাস্থিত পরিমাণে আদায় না হওয়ায়, পারফরমিং এ্যাসেট উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি না পাওয়ায়, পুনঃতফসিলিকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ আয় খাতে হিসাবভুক্ত করতে না পারায়, ৫২-ঋণিত সুদ আয় খাতে স্থানান্তর ও অবলোপনকৃত ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণে অর্থ বছর শেষে অত্র ব্যাংক লোকসানের সম্মুখীন হয়েছে, যা কোনভাবেই কাম্য ছিল না।

০২। ব্যাংকের স্বার্থ অক্ষুণ্ন রাখার লক্ষ্যে আর্থিক ভিত্তি মজবুতকরণ ও আয় বৃদ্ধির লক্ষ্যে শ্রেণীকৃত ঋণ ও শ্রেণীযোগ্য ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করে শ্রেণীকৃত ঋণ (নন-পারফরমিং লোন) স্থিতির পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে হ্রাসকরণ এবং অবলোপনকৃত ঋণ, ৫২-ঋণিত সুদবাহী শ্রেণীকৃত ঋণ ও পুনঃতফসিলিকৃত ঋণ অধিক পরিমাণে আদায় নিশ্চিতকরণপূর্বক ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ একান্ত আবশ্যিক।

০৩। ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন, অধিক পরিমাণে শ্রেণীকৃত ও পুনঃতফসিলিকৃত ঋণ আদায়ের মাধ্যমে নন-পারফরমিং লোন (শ্রেণীকৃত ঋণ/CL) উল্লেখযোগ্য পরিমাণে হ্রাসকরণ, লাভজনক খাতে ঋণগত মানসম্পন্ন ঋণ বিতরণ করে পারফরমিং এ্যাসেট (অশ্রেণীকৃত ঋণ/UC) বৃদ্ধি করে ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুত এবং আয় বৃদ্ধির লক্ষ্যে সুনির্দিষ্ট ঋণ আদায় কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা যথাযথভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিতভাবে ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার প্রণয়ন করা হলো :

(ক) ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণের সময়কাল ও ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প আয়োজনের তারিখ :

ক্রমঃ	মাসের নাম	ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণের সময়কাল	মহাক্যাম্প আয়োজনের তারিখ
০১	অক্টোবর, ২০১৬	১৬ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০১৬	১৭, ১৯, ২৪ ও ২৬ অক্টোবর, ২০১৬
০২	নভেম্বর, ২০১৬	১৩ নভেম্বর হতে ৩০ নভেম্বর, ২০১৬	১৬, ২১, ২৩ ও ২৯ নভেম্বর, ২০১৬
০৩	ডিসেম্বর, ২০১৬	০৪ ডিসেম্বর হতে ২২ ডিসেম্বর, ২০১৬	৫, ৭, ১৪, ১৯ ও ২১ ডিসেম্বর, ২০১৬
০৪	জানুয়ারি, ২০১৭	১৫ জানুয়ারি হতে ৩১ জানুয়ারি, ২০১৭	১৮, ২৩, ২৫ ও ৩০ জানুয়ারি, ২০১৭
০৫	ফেব্রুয়ারী, ২০১৭	১২ ফেব্রুয়ারী হতে ২৩ ফেব্রুয়ারী, ২০১৭	১৫, ২০, ২২ ও ২৭ ফেব্রুয়ারী, ২০১৭
০৬	মার্চ, ২০১৭	০৫ মার্চ হতে ৩০ মার্চ, ২০১৭	৮, ১৩, ১৫, ২২ ও ২৯ মার্চ, ২০১৭
০৭	এপ্রিল, ২০১৭	০৯ এপ্রিল হতে ২৭ এপ্রিল, ২০১৭	১২, ১৭, ১৯, ২৪ ও ২৬ এপ্রিল, ২০১৭
০৮	মে, ২০১৭	০৭ মে হতে ২৫ মে, ২০১৭	১০, ১৫, ১৭, ২২ ও ২৪ মে, ২০১৭
০৯	জুন, ২০১৭	০৪ জুন হতে ২২ জুন, ২০১৭	০৭, ১৪ ও ২১ জুন, ২০১৭

(খ) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখাসমূহ উল্লেখিত মহাক্যাম্পের নির্ধারিত তারিখে সকল মাঠকর্মীদের সমন্বয়ে শাখা প্রাঙ্গণে অথবা সুবিধাজনক স্থানে ক্যাম্প/মহাক্যাম্পের আয়োজন করবে;

(গ) উল্লিখিত মহাক্যাম্প আয়োজনের দিন ছাড়াও প্রতি সপ্তাহে সুবিধাজনক দিন ও সময়ে মাঠকর্মী ভিত্তিক ঋণ আদায়ের ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন করবে;

(ঘ) উল্লেখ্য, উপরোক্ত ঋণ আদায় মহাক্যাম্প আয়োজনের নির্ধারিত তারিখ পরবর্তীতে সরকারী ছুটির আওতাভুক্ত হলে, সপ্তমিষ্ট দিনের ঋণ আদায় মহাক্যাম্প পরবর্তী কার্যদিবসে আয়োজন করতে হবে।

০৪। উল্লিখিত ঋণ আদায় ক্যালেন্ডার মোতাবেক ঋণ আদায় মহাক্যাম্প/ক্যাম্প আয়োজন এবং তা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ে সর্বাধিক গুরুত্বারোপ করতে হবেঃ

(০১) ঋণ গ্রহীতাদের তালিকা হালনাগাদকরণ;

(০২) নোটিশ জারীকরণ;

(০৩) ব্যক্তিগত যোগাযোগঃ ঋণ আদায়ে সফলতা অর্জনের লক্ষ্যে ঋণগ্রহীতার সাথে ব্যক্তিগত যোগাযোগ স্থাপনপূর্বক ঋণ পরিশোধে উদ্বুদ্ধকরণ ও অব্যাহত তগাদা প্রদানের কোন বিকল্প নেই। শ্রেণীকৃত ঋণ বিশেষ করে বিএল(BL) ঋণ আদায়ে ঋণগ্রহীতার সাথে নিবিড়ভাবে ব্যক্তিগত যোগাযোগ রক্ষা করে ঋণ পরিশোধ তগাদা অব্যাহত রাখতে হবে;

(০৪) শ্রেণীকৃত ঋণ ও শ্রেণীযোগ্য ঋণ ও পুনঃতফসিলিকৃত ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিতকরণ;

(০৫) শীর্ষ ২০/৫০ খেলাপী ঋণগ্রহীতাদের সাথে স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/ কর্পোরেট শাখা/ শাখা পর্যায়ে প্রতি মাসে ত্রি-পাক্ষিক আলোচনা সভার আয়োজনপূর্বক খেলাপী ঋণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(০৬) ৫২-স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ও পুনঃতফসিলিকৃত ঋণ ও অবলোপনকৃত ঋণ আদায়ের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ;

(০৭) তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ ও তামাদি রোধকরণ ও ভুয়া ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিতকরণ পূর্বক ব্যাংকের ক্ষতি হ্রাসকরণ;

(০৮) অর্থ ঋণ আদায়/সার্টিফিকেট আদায়তে দায়েরকৃত মোকদ্দমা নিষ্পত্তিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(০৯) সুদবিহীন ও স্বল্প সুদবাহী আমানত সংগ্রহকরণ;

০৫। উপরোক্ত কার্যক্রমসমূহ সফলভাবে সম্পাদন ও বাস্তবায়নের লক্ষ্যে ঋণ আদায় হতে জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০১/২০১৬, তারিখ ২৬-০৬-২০১৬, ১২-০৭-২০১৬ তারিখের পত্র নং-১২(১২০০) ও ০১-০৯-২০১৬ তারিখের পত্র নং-১৪৫(১২০০) এবং এতদসংক্রান্ত বিষয়ে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ হতে জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।


০৬। ঋণ আদায় কার্যক্রমে নিয়ন্ত্রণকারী কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্পৃক্তকরণঃ উল্লিখিত ঋণ আদায় মহাক্যাম্প/ক্যাম্প সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে কর্মরত সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্পৃক্ত করতে হবে।

০৭। মাঠ পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক ঋণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ শাখাসমূহ কর্তৃক আয়োজিত মহাক্যাম্প/ক্যাম্প সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনে নির্দেশনা প্রদানের বিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বিশেষভাবে গুরুত্বারোপ করবেন। বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে উল্লিখিত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচিসমূহ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় মহাক্যাম্প/ ক্যাম্পে উপস্থিত থাকবেন। মহাক্যাম্প/ ক্যাম্প আয়োজন এবং ঋণ আদায় কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখা পর্যায়ে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতি পরিলক্ষিত হলে তাত্ক্ষণিকভাবে তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীগন কর্তৃক ঋণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ উপরোক্ত বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহের কার্যক্রম প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহী/ প্রমোটরগণ কর্তৃক নিয়মিতভাবে তদারকি করা হবে।

০৯। উপর্যুক্ত অবস্থায়, ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য প্রণীত ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায় মহাক্যাম্প/ ক্যাম্প সফলভাবে আয়োজন করে ব্যাংকের সার্বিক কার্যক্রম গতিশীল ও জোরদারকরণ পূর্বক বার্ষিক ঋণ আদায়, ঋণ বিতরণ ও আমানত সংগ্রহসহ সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন এবং ৩০-০৬-২০১৭ সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণ স্থিতির হার ২০% এ নামিয়ে আনার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,



(নাসিমা বেগম)

মহাব্যবস্থাপক

তারিখঃ ২৬-০৯-২০১৬ খ্রিঃ

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০১৬-২০১৭/২১২(১২০০)

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।

০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। সচিব, পর্যদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা/স্টাফ কলেজ, মীরপুর, ঢাকা। উক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অনুরোধ করা হলো।

০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। নথি/মহানথি।

(মোঃ ইমতিয়াজ আলী)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)